

শিক্ষার মানোন্নয়নে ৬৪ মেন্টর নিয়োগ

নিজস্ব প্রতিবেদক

২২ নভেম্বর ২০১৯ ০০:০০ | আপডেট: ২২ নভেম্বর ২০১৯ ০০:২৪

প্রাথমিক শিক্ষা কার্যক্রম পরিবীক্ষণ ও মানোন্নয়নে ৬৪ জেলায় একজন করে সরকারি কর্মকর্তাকে মেন্টর হিসেবে দায়িত্ব দিয়েছে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। সচিব, অতিরিক্ত সচিব, যুগ্মসচিব, উপসচিবসহ বিভিন্ন পদস্থ কর্মকর্তাদের এ দায়িত্ব পুনঃবণ্টন করে গতকাল বৃহস্পতিবার আদেশ জারি হয়েছে। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় ছাড়াও অন্য মন্ত্রণালয় এবং দপ্তরের উর্ধ্বতন কর্মকর্তারা নিজ জেলায় এ দায়িত্ব পালন করবেন বলে জানা গেছে। কর্মকর্তাদের বদলি ও অবসরজনিত কারণে নতুন করে এ দায়িত্ব পুনঃবণ্টন করা হলো।

এর আগে গুণগত প্রাথমিক শিক্ষা প্রদান ও ২০৩০ সালের মধ্যে টেকসই উন্নয়নের লক্ষ্যমাত্রা অর্জন করে নতুন প্রজন্মকে দক্ষ এবং প্রযুক্তিনির্ভর মানবসম্পদ হিসেবে গড়ে তুলতে মন্ত্রণালয় বিভিন্ন আদেশে ৬৪ জেলায় কর্মকর্তাদের এ দায়িত্ব দিয়েছিল। গতকাল নতুন আদেশের পর আগের আদেশ বাতিল হয়েছে।

advertisement

মন্ত্রণালয় সূত্র জানায়, মেন্টরদের কার্যপরিধি (একাডেমিক) শিক্ষার মানোন্নয়নে ‘ওয়ানডে ওয়ান ওয়ার্ড’ কর্মসূচি প্রত্যেক বিদ্যালয়ের প্রতিটি শিক্ষার্থী কর্তৃক পালন নিশ্চিত করতে হবে। গুরুত্বের সঙ্গে বিবেচনায় আনতে হবে শিশুদের দক্ষতা বৃদ্ধির জন্য রিডিং, রাইটিং, স্পিকিং ও লিসেনিং। প্রতিটি জেলায় ‘ওয়ানডে ওয়ান ওয়ার্ড’ কর্মসূচির সফল বাস্তবায়নে প্রয়োজনে মেধাবী শিশুদের পুরস্কৃত করার জন্য উৎসাহিত করতে হবে। সেই সঙ্গে শিক্ষকরা ‘লিসন প্ল্যান’ অনুযায়ী ক্লাস নিচ্ছেন কিনা মেন্টরদের দেখতে হবে তাও। অগ্রণী ভূমিকা পালন করতে হবে শিক্ষার্থী ও শিক্ষকদের নিয়মিত আইসিটি/ল্যাপটপ ব্যবহারে। শিক্ষার্থীদের একাডেমিক পড়ালেখার

পাশাপাশি খেলাধুলা/সাংস্কৃতিক চর্চায়ও উদ্বুদ্ধ করতে হবে। তদারকি করতে হবে মৌলিক সাক্ষরতা প্রকল্পের আওতায় ২১ লাখ নিরক্ষরকে সাক্ষরতা প্রদান কার্যক্রম।

নির্ধারিত বিদ্যালয়গুলোর স্কুল ফিডিং প্রকল্পের কার্যক্রমের পাশাপাশি শিক্ষার্থীদের জন্য মিডডে মিল কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে কিনা তা লক্ষ্য রাখতে হবে। এ জন্য প্রয়োজনে অভিভাবক, শিক্ষার্থী-শিক্ষক এসএমসি সদস্যদের অংশগ্রহণে মা সমাবেশের আয়োজন করে সেখানে দিতে হবে প্রয়োজনীয় দিকনির্দেশনা। শিক্ষার্থীদের স্বাস্থ্যের দিকে শিক্ষকদের নজর দিতে হবে। উৎসাহিত করতে হবে বিদ্যালয়ের ওয়াশ ব্লক, টয়লেটসহ আঙিনা পরিষ্কার রাখার জন্য। বিদ্যালয়ে ইউনিফর্ম পরে শিক্ষার্থীদের উপস্থিতি নিশ্চিত করতে হবে